দৈনিক খবর

তারিখ ... 11 FEB 1990
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 2

# শিক্ষা ব্যবস্থা ঢেলে সাজানোর কাজ অব্যাহত রয়েছে

ময়মনসিংহ, ৯ই এপ্রিল (তথ্য বিবরণী)।– শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ছাত্র-ছাত্রীদেরকে দেশপ্রেমিক ও দেশ গড়ার উপযুক্ত কারিগর হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নিয়মিত লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষামূলক কর্মকান্ডে অংশ নেয়ার জন্য তাদের প্রতি আহবান জানিয়েছেন।

মন্ত্রী আজ ময়মনসিংহ শহরে নাসিরাবাদ কলেজিয়েট স্কুল এবং এডওয়ার্ড ইনষ্টিটিউশনের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, রাষ্ট্রপতি এরশাদের নেতৃত্বে বর্তমান সরকার শিক্ষা ব্যবস্থার উৎকর্ষ সাধন এবং এর মনোন্নয়নের লক্ষ্যে একে ঢেলে সাজানোর ব্যবস্থা অব্যাহত রেখেছে। তিনি বলেন, শিক্ষা কেবলমাত্র একটি সার্টিফিকেট প্রাপ্তি নয়, বরং নিজেদেরকে যোগ্যতর করে গড়ে তোলার একমাত্র উপায়।

এডওয়ার্ড ইনস্টিটিউশনে অন্ধ ছাত্রদের পড়ার সুযোগ দেখে মন্ত্রী সন্তোষ প্রকাশ করেন এবং বলেন, সমাজের প্রতিবন্ধী ও অবহেলিতদের কল্যাণে সরকার পথকলি ট্রাষ্ট ও প্রতিবন্ধী ট্রাষ্টসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি সমাজের অবহেলিত লোকদের পুনর্বাসনে সরকারের সাথে সহযোগিতা প্রদানের জন্য বিত্তবানদের প্রতি আহবান জানান।

মন্ত্রী পরে ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহ, সহ-সভাপতি শেখ আমানুল্লাহ, নাসিরাবাদ স্কুলের প্রধান শিক্ষক এম মুখলেসুর রহমান এবং এডওয়ার্ড ইনষ্টিটিউশনের প্রধান শিক্ষক খন্দকার মোহাম্মদ আলীও এসব অনুষ্ঠানে বক্তৃতা করেন।